

## শ্যুটিং ক্রীড়া বিভাগে ভর্তির জন্য আবেদনের যোগ্যতা

ক্রমিক নং	বিবরণ	যোগ্যতা
১।	আবেদনকারী	ছেলে / মেয়ে
২।	আবেদনকারীর বয়স	সর্বোচ্চ ১৩ বছর
৩।	যে শ্রেণিতে ভর্তির জন্য আবেদন করতে পারবে :	৬ষ্ঠ / ৭ম শ্রেণি (বিদ্যালয়ের সনদপত্র থাকতে হবে)
৪।	উচ্চতা :	
	ক. ছেলে	সর্বনিম্ন ৫ ফুট
	খ. মেয়ে	সর্বনিম্ন ৪ ফুট ১০ ইঞ্চি
৫।	যোগাযোগের জন্য	মোবাইল/টেলিফোন/ই-মেইল থাকতে হবে।
৬।	ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য ফি	২০০/- (দুইশত) টাকা

### বিশেষ দৃষ্টব্য :

- (ক) আবেদনকারীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি, প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষার সনদপত্র ও জন্ম নিবন্ধন সনদপত্র থাকতে হবে।
- (খ) আবেদনকারীকে সুস্থতা সম্পন্ন হতে হবে। কোনো ধরনের অক্ষমতা যেমন: শারীরিক/মানসিক/দৃষ্টি/বাক প্রতিবন্ধী ছেলে/মেয়ে ভর্তির জন্য অযোগ্য বলে বিবেচিত হবে।
- (গ) নেশাগ্রস্ত ছেলে/মেয়ে ভর্তির জন্য অযোগ্য বলে বিবেচিত হবে।
- (ঘ) কোনো ধরনের তদবির বা আর্থিক লেনদেন ভর্তির জন্য অযোগ্যতা বলে বিবেচিত হবে।

### ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যে সকল পোষাকাদি ও ক্রীড়া সরঞ্জামাদি সঙ্গে আনতে হবে তার তালিকা

- ১। ট্র্যাকসুট
- ২। টি-শার্ট
- ৩। কেডস

## ভর্তি ফিস ও কলেজ ফিস সংক্রান্ত তথ্য

প্রশিক্ষার্থীদের ফিস প্রদানের হার :

১. ভর্তি ফিস : ২০০০/- (দুই হাজার) টাকা (ভর্তি কালীন)
২. জামানত : ৫০০০/- (পাঁচ হাজার) টাকা (ভর্তিকালীন ও ফেরতযোগ্য)
৩. মেডিকেল ফিস : ৩০০/- (তিনশত) টাকা (বাৎসরিক)
৪. পরীক্ষার ফিস : ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা (বাৎসরিক)
৫. সেশন চার্জ : ১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা (ভর্তির পরবর্তী বছর থেকে চালু হবে)
৬. ম্যাগাজিন ফিস : ৫০/- (পঞ্চাশ) টাকা (বাৎসরিক)
৭. লাইব্রেরি ফিস : ১০/- (দশ) টাকা (বাৎসরিক)
৮. বেতন বই : ১০/- (দশ) টাকা (বাৎসরিক)
৯. বিশ্ববিদ্যালয় ও বোর্ড ফিস : বিশ্ববিদ্যালয় ও বোর্ড কর্তৃক নির্ধারিত।

কলেজ ফি : অভিভাবকের মাসিক মোট আয়ের উপর ভিত্তি করে নিম্নে ০৩টি ধাপে বিভক্ত করে বেতন নির্ধারণ করা হয় :

- ১ম ধাপ : আয় ১০,০০০/- (দশ হাজার) টাকা পর্যন্ত সর্বনিম্ন মাসিক কলেজ ফিস ১,০০০/- (এক হাজার) টাকা।
- ২য় ধাপ : আয় ১০,০০১-২০,০০০/- টাকা পর্যন্ত মাসিক কলেজ ফিস আয়ের ১৫%।
- ৩য় ধাপ : আয় ২০,০০১/- টাকার উর্ধ্বে হলে মাসিক কলেজ ফিস আয়ের ১৫% তবে সর্বোচ্চ কলেজ ফিস ১০,০০০/- (দশ হাজার) টাকার উর্ধ্বে হবে না।